গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

সিলেট সরকারি কলেজ, সিলেট

www.sylgovcollege.edu.bd

email: principal_sgc@yahoo.com

ফোনঃ ০২৯৯৬৬৪১৪৩৫


তারিখ: ২১.১০.২০২৪

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ১ম মেধা তালিকায় ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্দারা সিলেট সরকারি কলেজে স্নাতক (পাস) ১ম বর্ষ (শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪) কোর্সের বি.এ/বি.এস.এস /বি.বি.এস শাখায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ০৭.১০.২০২৪ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির (সংযুক্ত) সকল নীতিমালা অনুসৃত হবে। ১ম মেধা তালিকার ফলাফল **SMS (nu< *space* > *atdg* < *space* > *roll no* টাইপ করে 16222 নম্বরে send করতে হবে)** এর মাধ্যমে জানা যাবে।

### শিক্ষার্থীর করণীয়:

| ক্র.নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| i. | ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>এ লক্ষ্যে শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admission এর Application Login অপশনে Degree Pass Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। | ২০.১০.২০২৪ থেকে ৩১.১০.২০২৪ |
| ii. | আবেদনকারী কর্তৃক আবেদন ফরমের Admission Roll এর মাধ্যমে ভর্তি ফি বাবদ ৩,৩০৫/- (তিন হাজার তিনশত পাঁচ) টাকা (http://fee.com.bd/sylgc) ওয়েবসাইটে প্রবেশ করে TAP (Trust Axiata Pay) এর মাধ্যমে জমা দিতে হবে। | ২০.১০.২০২৪ থেকে ০১.১১.২০২৪ |

১। শিক্ষার্থীকে TAP এ টাকা জমা দিয়ে প্রাপ্ত SMS থেকে ট্রানজেকশন নম্বরটি সংগ্রহ করে ভর্তি ফরমে অনলাইন কপির নিচে লিখতে হবে। ভর্তি প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত TAP এর SMS টি সংরক্ষণ করে রাখাতে হবে।

২। চান্সপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত কাগজপত্রাদি কলেজের **অনার্স ভবনের নীচ তলায়** জমা দিতে হবে।

### ভর্তির আবেদনের সাথে যে যে কাগজপত্রাদি কলেজে জমা দিতে হবে:

১। অনলাইনে ভর্তির চূড়ান্ত আবেদন ফরম।

২। এইচএসসি পরীক্ষার মূল মার্কশীট।

৩। এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল মার্কশীট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

৪। পাসপোর্ট সাইজের ০২ কপি ও স্ট্যাম্প সাইজের ০২ কপি ছবি। ছবির পিছনে নাম ও Admission Roll লিখতে হবে।

৫। ১০×১২ ইঞ্চি একটি খাম এবং খামের উপরে নাম, ঠিকানা ও ফোন নম্বর লিতে হবে।

### কলেজে ভর্তির সময়সূচী:

২৩.১০.২০২৪ হতে ০১.১১.২০২৪ তারিখ সকাল ১১:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত।

২১/১০/২৪

(প্রফেসর এ জেড এম মাঈনুল হোসেন)
আইডি নং-৩০৪৮
অধ্যক্ষ
সিলেট সরকারি কলেজ, সিলেট

২১.১০.২৪

# জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-১০(২২৫)জাতীঃবিঃ/রেজিঃ/একাঃ/২০১৮/অংশ-২/ ৩০০৮ তারিখ: ০৭/১০/২০২৪

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকা ২০ অক্টোবর ২০২৪ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atdg<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২৭ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার কোর্স পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে অব্যশই চূড়ান্ত ভর্তি ফরমে কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীর কোর্স পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে কোর্সভিত্তিক শূন্য আসন সাপেক্ষে মেধার ভিত্তিতে কোর্স পরিবর্তন করা হবে। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ০৫ নভেম্বর ২০২৪ তারিখ থেকে শুরু হবে।

### ১ম মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১) | ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>এ লক্ষ্যে শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশনে Degree Pass Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। | ২০/১০/২০২৪<br>থেকে<br>৩১/১০/২০২৪ |
| ২) | ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা হারে] সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ: | ২১/১০/২০২৪<br>থেকে<br>০৩/১১/২০২৪ |
| ৩) | কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি অনলাইনে নিশ্চয়ন করার তারিখ:<br>কলেজ কর্তৃপক্ষকে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি অথবা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে ঐ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে। | ২১/১০/২০২৪<br>থেকে<br>০৪/১১/২০২৪ |
| ৪) | কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Degp.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ০৫/১১/২০২৪<br>থেকে<br>১১/১১/২০২৪ |

০৭/১০/২০২৪

(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন: ০২-৯৯৬৬৯১৫৬৮

স্মারক নং-১০(২২৫)জাতীঃবিঃ/রেজিঃ/একাঃ/২০১৮/অংশ-২/ তারিখ: ০৭/১০/২০২৪

অনুলিপি:

১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, জনসংযোগ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সচিব, ভাইস-চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো ভাইস-চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি

০৭/১০/২০২৪

(মো. আবুল কাসেম)
উপ-রেজিস্ট্রার (সার্বিক)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ইমেইল: *degpassnu@gmail.com*



CamScanner